

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

শৃঙ্খলা-২ শাখা

www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০১৩.২০-৮২

০২ ফেব্রুয়ারি
সংখ্যা ১৪৩২
তারিখঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাঃ আব্দুর রকিব খান (বিপি-৬৫৮৯০০৮৯০৮), সাবেক সহকারী পুলিশ সুপার, ত্রিশাল সার্কেল, ময়মনসিংহ (বর্তমানে চাকুরী হতে অপসারণ গুরুদণ্ডপ্রাপ্ত) এর বিরুদ্ধে গত ১৮-০২-২০২১ তারিখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১৩/২০২০ রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানিতে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগসমূহ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে অধিকাংশ অভিযোগই প্রমাণিত হয়নি; এবং

যেহেতু, অভিযোগনামার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, আনুসঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনা এবং অন্য একটি বিভাগীয় মামলায় "চাকুরী হতে অপসারণ" গুরুদণ্ড প্রদান করায় অভিযুক্তকে ১৩/২০২০ নং বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত যুক্তিযুক্ত প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোহাঃ আব্দুর রকিব খান (বিপি-৬৫৮৯০০৮৯০৮), সাবেক সহকারী পুলিশ সুপার, ত্রিশাল সার্কেল, ময়মনসিংহ (বর্তমানে চাকুরী হতে অপসারণ গুরুদণ্ডপ্রাপ্ত)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে 'অসদাচরণ' এর দায়ে রুজুকৃত বিভাগীয় মামলা নং ১৩/২০২০ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



নাসিমুল গনি
সিনিয়র সচিব

০২ ফেব্রুয়ারি
সংখ্যা ১৪৩২
তারিখঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৬

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০১৩.২০-

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ০২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। উপসচিব, পুলিশ-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৫। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ০৬। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ০৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৮। জনাব মোহাঃ আব্দুর রকিব খান (বিপি-৬৫৮৯০০৮৯০৮), সাবেক সহকারী পুলিশ সুপার, ত্রিশাল সার্কেল, ময়মনসিংহ (বর্তমানে চাকুরী হতে অপসারণ গুরুদণ্ডপ্রাপ্ত)
- ০৯। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। অফিস কপি/মাস্টার কপি।


রোকেয়া পারভীন জুই
উপসচিব